বাংলাদেশ ট্যুরিজম অলিম্পিয়াডের নিয়মাবলি

পৃথিবীতে অনেক বিষয়ের উপর অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। তবে পর্যটন অলিম্পিয়াড সম্ভব ভারত ছাড়া অন্য কোন দেশে অনুষ্ঠিত হয় নাই। এই তথ্য ঠিক হলে বাংলাদেশ দ্বিতীয়। আমাদের ব্যক্তিজীবন থেকে রাষ্ট্রীয় জীবন পর্যন্ত সকল স্তরেই শিশুদেরকে ভবিষ্যতের জন্য গড়ে তোলার এক ঐকান্তিক চেষ্টা থাকে। এই উদ্যোগ তার সাথে আরেক মাত্রা যোগ করলো। এ কথা সকলেরই জানা যে, পর্যটন এখন পৃথিবীর ৩য় বৃহত্তম শিল্পখাত এবং এর বর্ধিষ্ণু অবদান মানুষের জীবনে ক্রমন্বয়ে বেড়েই চলেছে। বাংলাদেশের মতো সদ্যউন্নীত উন্নয়নশীল দেশের জন্য তা নিবিড়ভাবে অনুশীলনের বিষয়।

আনন্দের বিষয় এই যে, পর্যটনকে উচ্চশিক্ষার বিষয় হিসেবে এদেশে ৫টি পাবলিক বিশ্ববিদ্যালয়, ১০টি প্রাইভেট বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং সবশেষে সরকার একে উচ্চমাধ্যমিক স্তরে পঠিতব্য বিষয় হিসেবে মনোনয়ন দিয়েছে। এ থেকে সহজেই রাষ্ট্রের উৎসাহের বিষয়টি পরিস্কার হয়। এই অবস্থায় ৯ম ও ১০ম শ্রেণির ছাত্র-ছাত্রীদেরকে নিয়ে বাংলাদেশ ট্যুরিজম অলিম্পিয়াড ২০১৮ অনুষ্ঠানের আমাদের উদ্যোগ একটু সাহসী, তবে প্রাসঙ্গিক।

আশা করতে চাই, এই অলিম্পিয়াডের মাধ্যমে আমাদের কোমলমতি কিশোররা তাদেরকে নতুন মাত্রায় প্রস্তুত করতে সক্ষম হবে। সাথে সাথে শিক্ষক, অভিভাবক ও সমাজের অন্যান্য শ্রেণি-পেশার মানুষেরাও এর মাহাত্মে চমৎকৃত হবেন এবং উৎসাহ যোগাবেন।

এই প্রচেষ্টার সাথে যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত থেকেছেন, তাদের প্রত্যেকের কাছে আমাদের কৃতজ্ঞতার শেষ নেই। সকলে মিলে আমাদের জাতিকে আতিথেয়তাপূর্ণ সভ্য দেশপ্রেমিক জাতি হিসেবে বিশ্বের কাছে নতুন মাত্রায় তুলে ধরতে চাই।

প্রতিযোগিতার নিয়ামাবলি

ক) নিচের ১৬টি বিষয়ের উপর ভিত্তি করে ৭ সেপ্টেম্বর ২০১৮, শুক্রবার তারিখে জেলা পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

খ) পরীক্ষার সময় ৩০ মিনিট। এতে কুইজ আকারে প্রশ্নপত্র থাকবে ৫০টি। কেবল টিক চিহ্ন দিয়ে উত্তর দিতে হবে।

গ) পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশনের কাগজ এবং কলম নিয়ে পরীক্ষার হলে আসবে।

ঘ) আমাদের পক্ষ থেকে সরবরাহকৃত খাতায় উত্তর দিতে হবে।

ঙ) নিজ নিজ স্কুল ও কলেজ থেকে পরীক্ষার হলের নাম ও ঠিকানা জেনে নিতে হবে।

চ) ৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখেই পরীক্ষার ফলাফল জানিয়ে দেয়া হবে।

- বাংলাদেশের সুপরিচিত পর্যটন গন্তব্য
- বাংলাদেশের জলাভূমি পর্যটন সম্পদ
- বাংলাদেশের প্রত্নপর্যটন সম্পদ
- বিশ্ব ঐতিহ্য সম্পদ
- ঐতিহাসিক স্থান
- বাংলাদেশের মুক্তিযুদ্ধ
- গ্রামীণ জীবনধারা
- লোক-সংস্কৃতি ও ফোকলোর

- বাংলাদেশের আদিবাসী সম্প্রদায়
- লোকজ খাবার
- লোকজ চিকিৎসা
- বাংলাদেশের আধুনিক পর্যটনের স্থাপনা
- পর্যটন আবাসন
- পর্যটন পরিবহন
- বিদেশি পর্যটকদের আকর্ষণ
- পর্যটনে সুরক্ষা ও নিরাপত্তা

প্রশ্নব্যাংক-১

১. কক্সবাজার নামকরণ করা হয়েছে কার নামে?
ক) উইলিয়াম কক্স
খ) হিরাম কক্স
গ) হারমান কক্স
গ) মিস্টার কক্স

২. কক্সবাজার সমুদ্র সৈকত কত দীর্ঘ?
ক) ১০৮ কি.মি.
খ) ১২০ কি.মি.
গ) ১৮০ কি.মি.
গ) ২১০ কি.মি.

৩. সৈকত ব্যবস্থাপনার ISO কত?
ক) ISO 13007: 2015
খ) ISO 13008: 2015
গ) ISO 13009: 2015
গ) ISO 13010: 2015

৪. কক্সবাজার সমুদ্রসৈকতের প্রধান বৈশিষ্ট্য কী?
ক) ঠান্ডা সমুদ্রসৈকত
খ) বালুকাময় সমুদ্রসৈকত
গ) উত্তাল সমুদ্রসৈকত
গ) ঝুঁকিপূর্ণ সমুদ্রসৈকত

৫. কক্সবাজারের প্রাচীন নাম কী?
ক) রামু
খ) আরাকান
গ) পালঙ্কি
গ) পর্যটন নগরী

৬. সেন্ট মার্টিন্স দ্বীপের স্থানীয় নাম কী?
ক) সেন্ট মার্টিন্স হোম
খ) নারিকেল জিঞ্জিরা
গ) কোরাল দ্বীপ
গ) দক্ষিণের দ্বীপ

৭. সেন্টমার্টিন্স কী ধরণের দ্বীপ?
ক) বিশ্ব ঐতিহ্য দ্বীপ

খ) মানবসৃষ্ট দ্বীপ

গ) পাথুরে দ্বীপ

গ) কোরাল দ্বীপ

৮. ছেঁড়া দ্বীপ সেন্ট মার্টিন্সের কোন দিকে অবস্থিত?

ক) উত্তরে

খ) দক্ষিণে

গ) পূবে

গ) পশ্চিমে

৯. সেন্ট মার্টিন্স দ্বীপের আয়তন কত?

ক) ৫ বর্গ কি.মি.

খ) ৬ বর্গ কি.মি.

গ) ৭ বর্গ কি.মি.

গ) ৮ বর্গ কি.মি.

১০. সেন্ট মার্টিন্স দ্বীপের অবস্থান কোথায়?

ক) বঙ্গোপসাগরে

খ) কক্সবাজার জেলার রামু উপজেলায়

গ) ভারত মহাসাগরে

গ) মিয়ানমারে

১১. আনোয়ারা সৈকতটি কোথায় অবস্থিত?

ক) চট্টগ্রাম জেলায়

খ) কক্সবাজার জেলায়

গ) বরিশাল জেলায়

গ) খুলনা জেলায়

১২. মেঘলা ও চিম্বুক কোথায় অবস্থিত?

ক) বান্দরবান

খ) খাগড়াছড়ি

গ) রাঙামাটি

গ) কক্সবাজার

১৩. কেওক্রাডাং পাহাড়ের অবস্থান কোথায়?

ক) চট্টগ্রাম

খ) পঞ্চগড়

গ) বান্দরবান

গ) সিলেট

১৪. আলুটিলা গহ্বর (Cave) কোথায় অবস্থিত?

ক) বান্দরবান

খ) খাগড়াছড়ি

গ) রাঙামাটি

গ) কক্সবাজার

১৫. বান্দরবানের রাজাকে কী রাজা বলা হয়?

ক) ব্যোম রাজা

খ) চাকমা রাজা

গ) ম্রো রাজা

গ) হাছন রাজা

১৬. বাংলাদেশের সমুদ্রসীমার দৈর্ঘ কত?

ক) ৫০০ কি.মি.

খ) ৯৫০ কি.মি.

গ) ৭২০ কি.মি.

গ) ৮৩০ কি.মি.

১৭. বাংলাদেশের সবচেয়ে বেশি চা বাগান কোন জেলায়?

ক) পঞ্চগড় জেলায়

খ) সিলেট জেলায়

গ) মৌলভীবাজার জেলায়

গ) চট্টগ্রাম জেলায়

১৮. বিছানাকান্দি কোথায় অবস্থিত?

ক) বান্দরবান

খ) সিলেট

গ) হবিগঞ্জ

গ) মৌলভীবাজার

১৯. লালাখাল কী ধরণের গন্তব্য?

ক) প্রাকৃতিক

খ) মানুষসৃষ্ট

গ) বিশ্ব ঐতিহ্য

গ) ধর্মীয় স্থান

২০. সিলেটের রাতারগুল পর্যটন গন্তব্য কে আবিষ্কার করেছে?

ক) ট্যুর অপারেটরগণ

খ) বাংলাদেশ সরকার

গ) পর্যটকগণ

গ) জাতিসঙ্ঘ বিশ্ব পর্যটন সংস্থা

২১. সুন্দরবন কী ধরণের বিশ্ব ঐতিহ্য?

ক) প্রাকৃতিক

খ) সাংস্কৃতিক
গ) অদৃশ্য
গ) মানবসৃষ্ট

২২. সুন্দরবন কোন ২টি দেশের মধ্যে পড়েছে?
ক) বাংলাদেশ ও মিয়ানমার
খ) বাংলাদেশ ও ভারত
গ) বাংলাদেশ ও ভূটান
গ) বাংলাদেশ ও নেপাল

২৩. সুন্দরনের প্রধান আকর্ষণ কী?
ক) বাঘ
খ) হরিণ
গ) কুমির
গ) মধু

২৪. সুন্দরবনে কোন দেবীর পুজার করা হয়?
ক) বনবিবি
খ) বনদুর্গা
গ) চম্পাবতী
গ) সরস্বতী

২৫. সুন্দরবনে কোন নৃগোষ্ঠী প্রথম বসবাস শুরু করে?
ক) মুরং
খ) মুন্ডা
গ) হাজং
গ) চাকমা

২৬. বাংলাদেশের সবচেয়ে বড় প্রত্ননিদর্শন কোনটি?
ক) কান্তজিউ মন্দির
খ) মহাস্থানগড়
গ) ভিতরগড়
গ) ওয়ারী বটেশ্বর

২৭. একই স্থানে সবচেয়ে বেশি প্রত্নস্থাপনা কোথায় আছে?
ক) রামু, কক্সবাজার
খ) বারবাজার, সাতক্ষীরা
গ) পাহাড়পুর, নওগাঁ
গ) দেবীগঞ্জ, পঞ্চগড়

২৮. অতীশ দীপঙ্করের জন্মস্থান কোথায়?
ক) ভারতের নালন্দায়
খ) বাংলাদেশের মুন্সিগঞ্জে

গ) চীনের তিব্বতে

গ) নেপালের পোখারায়

২৯. নেপালের লুম্বিনিতে কে জন্মগ্রহণ করেন?

ক) যীশুখ্রিস্ট

খ) গৌতম বুদ্ধ

গ) চার্চিল

গ) মহাত্মা গান্ধী

৩০. সুন্দরবনে কোন নৃগোষ্ঠী প্রথম বসবাস শুরু করে?

ক) মুরং

খ) মুন্ডা

গ) হাজং

গ) চাকমা

৩১. পর্যটন শব্দের উৎপত্তি হয়েছে কখন?

ক) ১৭ শতকে

খ) ১৮ শতকে

গ) ১৯ শতকে

ঘ) ২০ শতকে

৩২. একজন পর্যটক একাধারে সর্বোচ্চ কতদিন নিজ বসবাসের বাইরে থাকতে পারবেন?

ক) ৩৬৫ দিন

খ) অনধিক ৩৬৫ দিন

গ) ৩৬৫ দিনের বেশি

ঘ) যতদিন খুশি

৩৩. কী উদ্দেশ্যে গমন করলে তাকে পর্যটক বলা যাবে না?

ক) বিশ্রাম ও বিনোদনের উদ্দেশ্যে

খ) চাকুরির উদ্দেশ্যে

গ) ব্যবসার উদ্দেশ্যে

ঘ) শিক্ষার উদ্দেশ্যে

৩৪. কোনটা পর্যটনের দায় নয়?

ক) প্রকৃতি, সংস্কৃতি ও অর্থনীতি রক্ষা করা

খ) জীবনযাত্রার মান বৃদ্ধি

গ) শান্তি আনয়ন করা

ঘ) মানুষের জীবনকে প্রতিযোগিতামূলক করে তোলা

৩৫. আধুনিক পর্যটনের সূচনা হয়েছে কখন থেকে?

ক) ১৭ শতক

খ) ১৮ শতক থেকে

গ) ১৯ শতক থেকে

ঘ) ২০ শতক থেকে

৩৬. আধুনিক পর্যটন কীসের ভিত্তিতে গড়ে উঠে?
ক) মধ্যবিত্ত শ্রেণির বিকাশে
খ) পর্যটনের বহু শাখা-প্রশাখার সৃষ্টির কারণে
গ) পর্যটন মানুষের জীবনযাত্রার পরিবর্তনে সক্ষমতার জন্য
ঘ) উপরের সব কটি কারণে

৩৭. পর্যটন বৈশ্বিকীকরণে কী প্রভাব লক্ষ্য করা গেছে?
ক) চাহিদার প্রেক্ষিতে পর্যটনের শাখাসমূহের ব্যাপক সম্প্রসারণ হয়েছে
খ) জলবায়ু পরিবর্তনকে ত্বরান্বিত করেছে
গ) পর্যটন বিনিয়োগ, কর্মসংস্থান ও আয়ের ক্ষেত্র বৃদ্ধি করেছে
ঘ) পর্যটনের জন্য শান্তি বিঘ্নিত হচ্ছে

৩৮. মেসোপটেমিয়ার ২টি পর্যটন গন্তব্য ছিল
ক) ইরাক ও সিরিয়া
খ)ভারত ও পাকিস্তান
গ) চীন ও মিয়ানমার
ঘ) স্পেন ও পর্তুগাল

৩৯. ২০৩০ সালে পর্যটকদের সংখ্যা কত হবে?
ক) ১.৮ মিলিয়ন
খ) ১.৮ বিলিয়ন
গ) ২.৮ মিলিয়ন
ঘ) ২.৮ বিলিয়ন

৪০. পর্যটন ভবিষ্যতে কী কী অবদান রাখবে?
ক) প্রাকৃতিক ও মানবসৃষ্ট সম্পদের সংরক্ষণ
খ) সংস্কৃতি সংরক্ষণ ও জীবনমান উন্নয়ন
গ) জলবায়ু পরিবর্তন মোকাবেলা
ঘ) উপরের সব কটি

৪১. আগামী দিনে বাংলাদেশে কোন ধরণের পর্যটন স্থান করে নিবে?
ক) জলাভূমি পর্যটন
খ) সাংস্কৃতিক পর্যটন
গ) কমিউনিটিভিত্তিক পর্যটন
ঘ) উপরের সব কটি

৪২. ইউরোপ ও এশিয়-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল কত পরিমাণ পর্যটক সরবরাহ করে?
ক) প্রায় ৫৫% পর্যটক
খ) প্রায় ৬৫% পর্যটক
গ) প্রায় ৭৫% পর্যটক
ঘ) প্রায় ৮৫% পর্যটক

৪৩. এশিয়-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ২০৩০ সালে কত পর্যটকের আগমন ঘটবে বলে আশা করা হয়?
ক) ৫০০ মিলিয়ন
খ) ৫৪০ মিলিয়ন
গ) ৫৮০ মিলিয়ন
ঘ) ৬০০ মিলিয়ন

৪৪. চীনের মহাপ্রাচীর কোন আমলে নির্মাণ করা হয়?
ক) মিং রাজত্বকালে
খ) সং রাজত্বকালে
গ) শ্যাংরাজত্বকালে
ঘ) চিন রাজত্বকালে

৪৫. চীনের নিষিদ্ধ শহর কী?
ক) নিষিদ্ধ কর্মকান্ড সম্পাদিত হতো
খ) সম্রাট ও তাঁর লোকজনের বাসগৃহ
গ) সম্পদে পরিপূর্ণ ছিল বলে সাধারণের প্রবেশ নিষিদ্ধ ছিল
ঘ) এখানে মানুষের উপর অত্যাচার করা হতো

৪৬. আয়ুথায়া থাইল্যান্ডের কোন নদীর তীরে নির্মাণ করা হয়?
ক) চাউ ফ্রিয়া
খ) ইউফ্রেটিস
গ) ব্রহ্মপুত্র
ঘ) আমাজন

৪৭. ক্যামেরন হাইল্যান্ড কী ধরণের গন্তব্য?
ক) জলাভূমি পর্যটন গন্তব্য
খ) কৃষি পর্যটন গন্তব্য
গ) সাংস্কৃতিক গন্তব্য
ঘ) পাহাড়ি গন্তব্য

৪৮. জেজু দ্বীপ কোন দেশে অবস্থিত?
ক) মালদ্বীপ
খ) থাইল্যান্ড
গ) দক্ষিণ কোরিয়া
ঘ) চীন

৪৯. জাপানের গোল্ডেন প্যাভেলিয়ন টেম্পল কী ধরণের স্থাপনা?
ক) উপাসনা মন্দির
খ) অবসর নিবাস
গ) রাজপ্রাসাদ
ঘ) বৈজ্ঞানিক গবেষণাগার

৫০. বালি দ্বীপে বসবাসরত প্রধান সম্প্রদায় কোনটি?
ক) মুসলমান
খ) সনাতনহিন্দু
গ) বৌদ্ধ
ঘ) জৈন

৫১. আগ্রার তাজমহলের প্রধান স্থপতি কে ছিলেন?
ক) বেগম মোমতাজ মহল
খ) লুই কান
গ) সম্রাট শাহজাহান
ঘ) ওস্তাদ আহমেদ লাহুরি

৫২. হালং বে-তে মানুষের বসবাস শুরু হয় কখন থেকে?
ক) আধুনিক কালে
খ) ব্রিটিশ আমল থেকে
গ) মধ্যযুগীয় সময় থেকে
ঘ) প্রাগৈতিহাসিক আমল থেকে

৫৩. আইফেল টাওয়ার কে নির্মাণ করেন?
ক) বিশিষ্ট ব্যবসায়ী আইফেল
খ) প্রকৌশলী আইফেল
গ) ফ্রান্সের রাজা আইফেল
ঘ) আইফেল নামক একজন দার্শনিক

৫৪. কোলোসিয়াম কী ধরণের স্থাপনা?
ক) খেলার মাঠ
খ) পৃথিবীর বৃহত্তম এম্ফিথিয়েটার
গ) রোমের প্রাচীন উপাসনালয়
ঘ) রাজার বিচারকার্যালয়
৫৫. কী উপলক্ষে ভিক্টোরিয়া হাউজ নির্মাণ করা হয়?
ক) রাণী ভিক্টোরিয়ার অভিষেক উপলক্ষে
খ) রাণী ভিক্টোরিয়ার জন্মদিন উপলক্ষে
গ) রাণী ভিক্টোরিয়ার হীরক জয়ন্তী উপলক্ষে
ঘ) রাণী ভিক্টোরিয়াকে চিরস্মরণীয় করে রাখার জন্য

৫৬. অস্ট্রেলিয়ার দ্য ঘান ট্রেনের নামকরণ করা হয় কীভাবে?
ক) ট্রেনটি দীর্ঘপথ পাড়ি দেয় বলে
খ) অস্ট্রেলিয়ায় আগত অনুসন্ধিতসুআফগানদের স্মরণ রাখার জন্য
গ) ঘানার সাথে সম্পর্ক স্থাপনের উদ্দেশ্যে
ঘ) আফগানিস্তানের উট এই ট্রেনে বহন করা হতো বলে

৫৭. সেরেনগাতি মাইগ্রেশনে বছরে কত প্রাণির মৃত্যু হয়?
ক) প্রায় ১০ লক্ষ
খ) প্রায় ২.৫ লক্ষ
গ) প্রায় ১.০ লক্ষ
ঘ) কোন প্রাণির মৃত্যু হয় না

৫৮. সুন্দরবন ইউনেস্কো কর্তৃক বিশ্ব ঐতিহ্যস্থান হিসেবে স্বীকৃতি লাভ করে-
ক) ১৮৯৭ সালে
খ) ১৯৯৭ সালে
গ) ২০০০ সালে
ঘ) ২০১৭ সালে

৫৯. সোমপুর মহাবিহার কী?
ক) প্রাচীন যুদ্ধদূর্গ
খ) রাজবাড়ি
গ) বৌদ্ধদের অতিগুরুত্বপূর্ণ শিক্ষাদান কেন্দ্র
ঘ) উপাসনালয়

৬০. ষাটগম্বুজ মসজিদে গম্বুজের সংখ্যা কত?
ক) ৬০টি
খ) ৭০টি
গ) ৭৫টি
ঘ) ৭৭টি

৬১. কান্তজিউ মন্দির কে নির্মাণ করেণ?
ক) রাজা লক্ষণ সেন
খ) মহারাজা গিরিজানাথ
গ) মহারাজা প্রাণনাথ
ঘ) ইলা মিত্র

৬২. আহসান মঞ্জিল কী?
ক) নবাবের প্রাসাদ
খ) বর্তমানে জাদুঘর
গ) অন্যতম পর্যটন আকর্ষণ
ঘ) উপরের সব কটি

৬৩. ভিতরগড় কী ধরণের গড়-
ক) দেয়াল বেষ্টিত দূর্গনগরী
খ) যুদ্ধদূর্গনগরী
গ) রাজার নিরাপদ বসবাসের স্থান
ঘ) বন-জঙ্গল পরিবেষ্টিত স্থান

৬৪. বিশ্রাম ও বিনোদন ছাড়াও পর্যটন নিচের কোন কাজটি করে ?
ক) সামাজিক ঐক্য, কৃষ্টি ও ঐতিহ্য ধরে রাখে না।
খ) পরিবেশ ও প্রতিবেশ নষ্ট করে।
গ) জীবনমুখী কর্মকান্ড পরিচালনা করে
ঘ) মানুষের চেতনাগত ও বস্তুগত উন্নয়ন ঘটায়

৬৫. কত ধরণের পর্যটন রয়েছে?
ক) শতাধিক
খ) পাঁচ শতাধিক
গ) সহস্রাধিক
ঘ) লক্ষাধিক

৬৬. বাংলাদেশে পর্যটনের উন্নয়ন সূচিত হয়েছে কোন সময় থেকে?
ক) সত্তরের দশক থেকে
খ) আশির দশক থেকে
গ) নব্বইয়ের দশক থেকে
ঘ) ২০০০ সালের পর থেকে

৬৭. রেল, সড়ক ও নৌপথ ইত্যাদি অবকাঠামো বাংলাদেশের পর্যটনের জন্য কতটা দরকারি?
ক) অত্যন্ত দরকারি
খ) মোটামুটি দরকারি
গ) না হলেও চলে
ঘ) খুব একটা দরকারি নয়

৬৮. সরকারি বিবেচনায় পর্যটন কীরূপ খাত?
ক) গুরুত্বহীন খাত
খ) অলাভজনক খাত
গ) অগ্রাধিকার খাত
ঘ) গুরুত্বপূর্ণ রপ্তানি খাত

৬৯. আমাদের জাতীয় পর্যটন কর্তৃপক্ষ কোনটি?
ক) বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
খ) বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
গ) ট্যুর অপারেটরস্ এসোসিয়েশন অব বাংলাদেশ
ঘ) কোনটিই নয়

৭০. পর্যটনের প্রধান খাতগুলি কী কী?
ক) পরিবহণ, ব্যবসা, খাদ্য ও বিনোদন
খ) পরিবহণ, আবাসন, খাদ্য ও শিক্ষা
গ) পরিবহণ, আবাসন, খাদ্য ও বিনোদন
ঘ) মার্কেটিং, আবাসন, খাদ্য ও বিনোদন

৭১. বাংলাদেশের পর্যটন শিল্পের বিকাশের জন্য প্রধানতম কাজ কী?
ক) গন্তব্য উন্নয়ন
খ) পর্যটনকে দেশে বিদেশে ব্যাপকভাবে প্রচার করা
গ) বিনিয়োগ বৃদ্ধি
ঘ) প্রশিক্ষিত জনবল তৈরি করা

৭২. পর্যটন উন্নয়নের জন্য রাষ্ট্রের কোন কোন গোষ্ঠীকে সর্বোচ্চ পর্যায়ে সম্পৃক্ত থাকতে হয়?
ক) গবেষক, উদ্যোক্তা ও বাস্তবায়নকারী
খ) বিনিয়োগকারী ও পরিকল্পনাবিদ
গ) রাষ্ট্র, স্থানীয় সরকার ও স্থানীয় জনগোষ্ঠী
ঘ) ট্যুর অপারেটর, ট্রাভেল এজেন্ট ও হোটেল কর্তৃপক্ষ

৭৩. পর্যটন উন্নয়নে বেসরকারি খাতের করণীয় কী?
ক) স্থানীয় জনগোষ্ঠীকে সাথে নিয়ে পর্যটন উপরিকাঠামো তৈরি করা
খ) পর্যটন সম্পদসমূহের রক্ষণাবেক্ষণে এগিয়ে আসা
গ) শিল্পে আদর্শ চর্চা পরিপালন করা
ঘ) মুনাফা অর্জন নিশ্চিত করা

৭৪. পর্যটন উন্নয়নে স্থানীয় জনগোষ্ঠীকে কীভাবে মূল্যায়ন করা হয়?
ক) এরা পর্যটনের প্রাণ, ধারক ও বাহক
খ) এরাই প্রধান আতিথেয়তা প্রদানকারী
গ) এরা হোমস্টে, স্থানীয় খাবার, পরিবহন ও গাইডের প্রধান সরবরাহকারী
ঘ) উপরের সব কটি

৭৫. আতিথেয়তা কী কী চাহিদা পূরণ করে?
ক) আবাসন, খাদ্য ও পরিবহণ
খ) খাদ্য, পানীয় ও গাইডিং
গ) আবাসন, খাদ্য ও পানীয়
ঘ) আবাসন, চিকিৎসা ও শিক্ষা

৭৬. আতিথেয়তার মৌলিক উপাদানগুলি কী কী?
ক) অভ্যর্থনা ও আপ্যায়ন
খ) অভ্যর্থনা ও আবাসন
গ) পরিবহন ও আপ্যায়ন
ঘ) চিকিৎসা ও সেবা

৭৭. আতিথেয়তার সূচনা হয় কোন ধরণের পর্যটনের মধ্য দিয়ে?
ক) চিকিৎসা পর্যটন
খ) খাদ্য পর্যটন
গ) ধর্মীয় পর্যটন
ঘ) জীবনযাত্রা পর্যটন

৭৮. আতিথেয়তার বৈশিষ্ট্যগুলি কী কী?
ক) অতিথি, স্বাগত ব্যক্তি ও আতিথেয়তা এই ৩টি বিষয়ের মধ্যে সমন্বয় থাকতে হবে
খ) অতিথিকে উদার বন্ধুত্বপূর্ণ অভ্যর্থনা ও আপ্যায়ন করতে হবে
গ) আবাসন, খাদ্য ও পানীয় সরবরাহ করতে হবে
ঘ) সব কটি

৭৯. আতিথেয়তার সাথে পর্যটনের সম্পর্ক কীরূপ?
ক) আতিথেয়তা ছাড়া পর্যটন অচল
খ) পর্যটন ছাড়া আতিথেয়তা অচল
গ) আতিথেয়তা পর্যটনের পরিপূরক
ঘ) পর্যটন আতিথেয়তার পরিপূরক

৮০. আতিথেয়তার চাহিদা তৈরি হয় কীভাবে?
ক) আতিথেয়তা সরবরাহের প্রেক্ষিতে
খ) পর্যটন বাজারজাতকরণে প্রেক্ষিতে
গ) অতিথিদের সংখ্যা বৃদ্ধির প্রেক্ষিতে
ঘ) সেবা সরবরাহকারীদের পণ্য বৃদ্ধির প্রেক্ষিতে

৮১. বাংলাদেশের মানুষের আতিথেয়তা কী ধরণের?
ক) স্বতস্ফুর্ত
খ) কৃত্রিম
গ) ব্যবসায়িক
ঘ) শেখানো

৮২. সেবার নৈতিকতা কী?
ক) সেবার নামে সমাজ, সংস্কৃতি, জীবনধারা ইত্যাদি নষ্ট করা যাবে না
খ) প্রাকৃতিক কোন সম্পদ ক্ষতিগ্রস্ত করা যাবে না
গ) উন্নয়ন, জীবনমান বৃদ্ধি ও নারীর অংশগ্রহণ ইত্যাদি যেন বাড়ে সে বিষয়ে মনযোগী হতে হবে
ঘ) সব কটি

৮৩. আতিথেয়তার চ্যালেঞ্জগুলি কী কী?
ক) অতিথির পেশা, সামাজিক মর্যাদা ও অবস্থান ইত্যাদি বিবেচনায় রেখে সেবা প্রদান
খ) অতিথির সাথে যোগাযোগের মাধ্যম নির্বাচন
গ) সেবা প্রদানের পূর্বে জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি তৈরি
ঘ) সময়মতো প্রয়োজনীয় সেবা প্রদান

৮৪. আতিথেয়তার মূল্যবোধের সাথে সম্পৃক্ত বিষয়গুলি কী কী?
ক) সেবা প্রদানকারীর সাংস্কৃতিক মূল্যবোধ
খ) অতিথির মনোস্তাত্ত্বিক গঠন
গ) অতিথির মূল্যবোধের সাথে সম্পৃক্ত সেবা
ঘ) সব কটি

৮৫. পর্যটকদের আচরণ কীসের উপর নির্ভরশীল?
ক) পর্যটকদের ধরণ, চাহিদা ও মনস্তত্ত্ব
খ) পর্যটকদের মর্যাদাবোধ
গ) গন্তব্যের ধরণ
ঘ) সব কটি

৮৬. অনুসন্ধানকারী পর্যটকদের আচরণ কীরূপ হয়?
ক) এরা নির্দিষ্ট গন্তব্যের বাইরেও গমন করেন
খ) এরা স্থানীয় জনগোষ্ঠীর সাথে মিশতে পছন্দ করেন
গ) এরা নিজ বসবাসের অনুরূপ পরিবেশ পাওয়াকে প্রাধান্য দেয় না
ঘ) সব কটি

৮৭. লক্ষ্যহীন পর্যটক কারা?
ক) যারা অজানা, অচেনা গন্তব্যে ভ্রমণসূচি ছাড়াই ভ্রমণ করেন
খ) যারা সাংস্কৃতিক বিনিময়ের জন্য স্থানীয় জনগোষ্ঠীর সাথে থাকতে পছন্দ করেন
গ) যারা ব্যয় বিবেচনা করে ভ্রমণ করেন না
ঘ) পর্যটন শিল্পের স্টেকহোল্ডারদের সাথে যাদের ঘনিষ্ট যোগাযোগ থাকে

৮৮. পর্যটকদের ব্যক্তিত্বের ভিত্তিতে পর্যটকদের শ্রেণি কত প্রকার?
ক) ২ প্রকার
খ) ৩ প্রকার
গ) ৪ প্রকার
ঘ) ৫ প্রকার

৮৯. পর্যটকদের করণীয় কী কী?
ক) স্থানীয় জনগোষ্ঠীর সাথে সদাচারণ করা
খ) স্বাগত জনগোষ্ঠীর প্রতি শ্রদ্ধাশীল থাকা
গ) সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় রীতি-নীতি মেনে চলা
ঘ) সব কটি

৯০. পর্যটকদের বর্জনীয় কী কী?
ক) অনুমতি ছাড়া ছবি তোলা
খ) কাউকে বিরক্ত করা
গ) মানুষের অনুভূতিতে আঘাত করা
ঘ) সব কটি

৯১. পর্যটন গন্তব্যের জীবনচক্র দীর্ঘায়িত করতে হলে করণীয় কী?
ক) উন্নয়ন ধাপকে সংক্ষিপ্ত করা
খ) গন্তব্যের সেবাসমূহের উৎকর্ষ সাধন করা
গ) পর্যটকদের অভিযোগগুলিকে গুরুত্বের সাথে বিবেচনা করা
ঘ) সংপৃক্তি বিন্দু থেকে উর্ধ্বগতি সৃষ্টির জন্য চেষ্টা করা

৯২. দেশীয় পর্যটকদের চাহিদা নির্ভর করে কিসের উপর?

ক) দেশে অবস্থিত অন্য গন্তব্যের সাথে তুলনা করার জন্য

খ) নিরাপত্তা ইস্যু

গ) দায়িত্বশীল গণপর্যটন সম্বন্ধে অধিক ধারণা থাকার জন্য

ঘ) গাইডের অদক্ষতার জন্য

৯৩. আন্তর্জাতিক পর্যটকদের চাহিদার প্রধান বিষয়গুলি কী কী?

ক) দক্ষ গাইডিং

খ) পেশাগত ট্যুর অপারেশন

গ) সুখাদ্য পরিবেশন

ঘ) ভ্যালু প্যাকেজ

৯৪. পর্যটকদের আচরণের সামাজিক মডেলে কয়টি চলক সম্পৃক্ত?

ক) ৬টি

খ) ৭টি

গ) ৮টি

ঘ) ৯টি

৯৫. পর্যটনবান্ধব আচরণ কীরূপ?

ক) স্বাগত জনগোষ্ঠীর সাথে পর্যটকদের সম্ভাষণপূর্ণ আচরণ

খ) ফলপ্রসু উপায়ে পর্যটকদের সাথে সাংস্কৃতিক বিনিময়

গ) ভোক্তা হিসেবে গন্তব্যের উপর চাপ সৃষ্টিকে বিবেচনা না করা

ঘ) পর্যটন সম্পদ রক্ষার্থে সার্বিক প্রচেষ্টা

৯৬. পর্যটন কী ধরণের অর্থনৈতিক উন্নয়ন করে?

ক) কর্মসংস্থান, আয় ও বিনিয়োগ বাড়ায়

খ) ব্যষ্টিক ও সামষ্টিক অর্থনীতিতে অবদান রাখে

গ) জিডিপিতে অবদান রাখে

ঘ) আমদানি বাড়ায়

৯৭. পর্যটনের অর্থনৈতিক প্রভাবগুলি কী কী?

ক) বহুগুণিতক প্রভাব

খ) বৈদেশিক মুদ্রা আয়জনিত প্রভাব

গ) পর্যটন অবকাঠামোতে বিনিয়োগজনিত প্রভাব

ঘ) উপরের সব কটি

৯৮. পর্যটকদের ব্যয় কোন কোন খাতে অবদান রাখে?

ক) সেবা ও পণ্য উৎপাদন খাত

খ) মজুরি খাত

গ) কর ও আবগারি শুল্ক

ঘ) উপরের সব কটি

৯৯. পর্যটনের কত ধরণের অবদান আছে?

ক) প্রত্যক্ষ অবদান

খ) পরোক্ষ অবদান

গ) আবেশিত অবদান

ঘ) উপরের কোনটিই নয়

১০০. পর্যটন সেবার ব্যয় কীভাবে কমানো যায়?
ক) সেবাদানে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে
খ) পর্যটনকে একক ব্যবসা হিসেবে স্থাপনের মাধ্যমে
গ) চাহিদা ব্যবস্থাপনার মাধ্যমে
ঘ) পর্যটন প্রডাক্টের বহুমুখীকরণের মাধ্যমে

১০১. একটি গন্তব্যে পর্যটন কীভাবে পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি করে?
ক) গিফট ও এনটিক বিপণী বিতানের মাধ্যমে
খ) গাইডিং-এর মাধ্যমে
গ) পর্যটন স্থাপনা ব্যবস্থাপনার মাধ্যমে
ঘ) স্থানীয় সাংস্কৃতিক দল সৃষ্টির মাধ্যমে

১০২. WTTC-এর ভবিষ্যৎ বাণী অনুযায়ী ২০২৭ সালে পর্যটন কত কর্মসংস্থান সৃষ্টি করবে?
ক) ১০.০%
খ) ১১.০%
গ) ১১.১%
ঘ) ১২.০%

১০৩. পর্যটন সেবামূল্য সাধারণত কী পদ্ধতি নির্ধারিত হয়?
ক) Direct Selling Method
খ) Hedonic Pricing Method
গ) Demand Supply Method
ঘ) Actuary Method

১০৪. পর্যটন কর্মসংস্থান সৃষ্টিতে ২০১৬ সালেWorld Ranking-এ বাংলাদেশ কততম স্থান অধিকার করে?
ক) ১৯তম
খ) ২০তম
গ) ৩৯তম
ঘ) ৬৭তম

১০৫. বাংলাদেশের স্থানীয় পর্যটকরা কোন ধরণের পর্যটন সবচেয়ে বেশি পছন্দ করেন?
ক) রোমাঞ্চকর পর্যটন
খ) জলাভূমি পর্যটন
গ) কমিউনিটিভিত্তিক পর্যটন
ঘ) শিক্ষা পর্যটন

১০৬. বাংলাদেশ পর্যটন কর্পোরেশন ১৯৭২ সালে কী উদ্দেশ্যে স্থাপন করা হয়?
ক) সরকারের পক্ষে পর্যটন ব্যবসা পরিচালনার জন্য
খ) জাতীয় পর্যটন সংস্থা হিসেবে
গ) স্বাধীন বাংলাদেশে পর্যটন বিকাশের জন্য
ঘ) উপরের সব কটি

১০৭. ২০১০ সালে বাংলাদেশ পর্যটন বোর্ড গঠন করা হয় কী উদ্দেশ্যে?
ক) পর্যটন সংক্রান্ত নীতিমালা প্রণয়ন, সুপারিশ ও বাস্তবায়ন
খ) দেশে হোটেল-মোটেল ও রেস্টুরেন্ট স্থাপন
গ) পর্যটনের উন্নয়ন, বিকাশ ও সহযোগিতা প্রদান
ঘ) জাতীয় পর্যটন সংস্থা হিসেবে পর্যটন সংক্রান্ত যে কোন কাজ করা

১০৮. বাংলাদেশ পর্যটন বোর্ডের গভর্নিং বডিতে কয়টি মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ আছেন ?
ক) ৯টি
খ) ১০টি
গ) ১১টি
ঘ) ১২টি

১০৯. টেকসই পর্যটনের অর্থনৈতিক সুবিধাগুলি কী কী?
ক) বাস্তুগত ভারসাম্য, জলবায়ু মোকাবেলা ও পর্যটন সম্পদের রক্ষণাবেক্ষণ
খ) গন্তব্যের জীবনকাল ও বিনিয়োগ উপযোগিতা ধরে রাখা
গ) সামাজিক, সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সংরক্ষণ
ঘ) উপরের সব কটি

১১০. পর্যটন গন্তব্য কী?
ক) এমন স্থান যেখানে দর্শনার্থীরা ভ্রমণে যান
খ) এমন স্থান যেখানে দর্শনার্থীরা অন্তত ১ রাত অবস্থান করেন
গ) এমন স্থান যেখানে দর্শনার্থীরা ৩৬৫ দিনের বেশি অবস্থান করেন
ঘ) এমন স্থান যেখানে দর্শনার্থীরা ভার্চুয়ালি ভ্রমণ করেন

১১১. গন্তব্যের প্রধান প্রধান বৈশিষ্ট্য কী?
ক) ভৌত, সামাজিক ও সাংস্কৃতিক স্বত্ত্বা রক্ষা
খ) পর্যটকদের মধ্যে মানসিক ধারণা সৃজন
গ) পর্যটকদের সকল চাহিদা পূরণ
ঘ) প্রাকৃতিক দুর্যোগ, সন্ত্রাস, স্বাস্থ্য সমস্যা ইত্যাদি থেকে মুক্ত রাখা

১১২. গন্তব্যের প্রধান প্রধান কাজ কী?
ক) পর্যটন পণ্য, আকর্ষণ ও পর্যটন সম্পদকে সম্পৃক্ত করে
খ) পর্যটকদেরকে আকৃষ্ট করে
গ) বিনিয়োগ সম্ভাবনাকে বাড়িয়ে তুলে
ঘ) উপরের সব কটি

১১৩. গন্তব্যের প্রধানতম উপাদান কোনটি?
ক) আকর্ষণ
খ) প্রবেশ্যতা
গ) কর্মউপাদান
ঘ) মূল্যস্তর

১১৪. গন্তব্য ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা কী?
ক) গন্তব্যের সেবা প্রদানের সক্ষমতা বাড়ে
খ) সরবরাহকারীদের মধ্যে সমন্বয় বাড়ে
গ) পর্যটন সম্পদসমূহের কার্যকর সংরক্ষণ করা যায়
ঘ) উপরের সব কটি

১১৫. গন্তব্য ব্র্যান্ডিং কী?
ক) গন্তব্যের প্রতিযোগিতামূলক স্বত্ত্বা
খ) গন্তব্যের প্রধান বৈশিষ্ট্যাবলীর নির্ধারক
গ) একটি লোগো ও আইকনের সমন্বয়
ঘ) গন্তব্যের মূল্যবোধ, প্রতিজ্ঞা ও স্বত্ত্বার মিশ্রণ

১১৬. জাতিসঙ্ঘ বিশ্ব পর্যটন সংস্থার মতে গন্তব্য ব্র্যান্ডিং-এ সবচেয়ে বেশি কোন উপাদানের প্রতিফলন ঘটে?
ক) মূল্যবোধ
খ) প্রতিযোগিতামূলক স্বতন্ত্রা
গ) গন্তব্যে অপরিহার্য বৈশিষ্ট্য
ঘ) লোগো

১১৭. কান্ট্রি ব্র্যান্ডিং কেন করা হয়?
ক) ইমিগ্রেন্ট ও বিনিয়োগকারীদেরকে আকর্ষণ করার জন্য
খ) পর্যটকদেরকে আকর্ষণ করার জন্য
গ) বিদেশি বিশেষজ্ঞদেরকে আকর্ষণ করার জন্য
ঘ) দেশের মানুষকে বিদেশে পরিচিত করার জন্য

১১৮. পর্যটন পণ্য কী?
ক) পর্যটকদের চাহিদা পূরণে একগুচ্ছ সেবা উপাদানের সমন্বিত রূপ
খ) পর্যটকদের নিকট বিক্রয়ের জন্য মূল্যবান পণ্য
গ) পর্যটকদের নিকট কমমূল্যে অধিক পরিমাণে বিক্রয়ের উদ্দেশ্যে প্রস্তুতকৃত পণ্য
ঘ) গন্তব্যের স্মারক পণ্য

১১৯. পর্যটন পণ্য তৈরিতে কী কী উপাদান অত্যাবশ্যকীয়?
ক) অভিজ্ঞতা, আবেগ ও ভৌত অবস্থা
খ) ইভেন্ট, বিনিয়োগ ও বাজারজাতকরণ
গ) স্থিতিশীল, অপচনশীল ও উচ্চচাহিদা
ঘ) ঝুঁকিহীন, সমস্বত্ত্ব ও স্বকীয়

১২০. পর্যটন পরিকল্পনার উপাদানগুলো কী কী?
ক) পর্যটন শিক্ষা ও পর্যটন গবেষণা পরিকল্পনা
খ) পর্যটন উন্নয়ন ও পর্যটন এলাকা পরিকল্পনা
গ) পর্যটন বিকাশ ও পর্যটন বিন্যাস পরিকল্পনা
ঘ) উপরের সব কটি

১২১. পর্যটন পরিকল্পনা কী সুফল এনে দেয়?
ক) গন্তব্যের সার্বিক উন্নয়ন বাস্তবায়িত হয়
খ) নতুন গন্তব্য তৈরি হয়
গ) সকল পর্যটন সম্পদের বর্তমান ও ভবিষ্যৎ ব্যবহার নিশ্চিত হয়
ঘ) পর্যটনের চাহিদা নিরূপণ করতে পারে

১২২. পর্যটন পরিকল্পনার ৩-শক্তি তত্ত্বের উপাদানগুলো কী?
ক) অর্থ, মানবসম্পদ ও ব্যবস্থাপনা
খ) আকর্ষণ, প্রাধান্য ও ক্ষমতা
গ) জনগোষ্ঠী, আতিথেয়তা ও ঐতিহ্য
ঘ) উপরের কোনটাই নয়

১২৩. পর্যটন পরিকল্পনার গুরুত্ব কী কী?
ক) কম গুরুত্বপূর্ণ গন্তব্যেরও প্রতিযোগিতার সক্ষমতা বাড়ে
খ) পর্যটন স্থাপনাসমূহের সুষ্ঠু বিন্যাস ও রক্ষণাবেক্ষণ করা হয়
গ) গন্তব্যের জীবনচক্রকে প্রলম্বিত করে
ঘ) সব কটি

১২৪. পর্যটন পরিকল্পনা বাস্তবায়নে কী কী কৌশল অবলম্বন করতে হয়?
ক) পর্যটন পরিকল্পনার ধারাবাহিকতা
খ) কৌশলগত বাজারজাতকরণ প্রক্রিয়া
গ) পরিকল্পনা বাস্তবায়নে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত করা
ঘ) সব কটি

১২৫. টেকসই পর্যটন কী ধরণের পর্যটন?
ক) একটি বিশেষ ধরণের পর্যটন
খ) এক ধরণের পর্যটন ব্যবস্থাপনা
গ) স্বল্প ব্যয়ের পর্যটকদেরকে আকর্ষণ করে
ঘ) উন্নয়নশীল দেশের জন্য প্রযোজ্য পর্যটন

১২৬. কোনটি টেকসই পর্যটনের স্তম্ভ?
ক) গন্তব্যের বিকাশ
খ) সাংস্কৃতিক প্রাধান্য
গ) দীর্ঘমেয়াদি পর্যটন ব্যবসা
ঘ) বৈদেশিক মুদ্রার আয় বৃদ্ধি

১২৭. টেকসই পর্যটনের উপাদানগুলো কী কী?
ক) দায়িত্বশীল পর্যটন
খ) ইকোপর্যটন
গ) ভূপর্যটন
ঘ) সব কটি

১২৮ .ইকোট্যুরিজম কোন জাতীয় গন্তব্যে পরিচালিত হয়?
ক) ইকোনমিক বা অর্থনৈতিক এলাকায়
খ) প্রাকৃতিক এলাকায়
গ) সংরক্ষিত এলাকায়
ঘ) জলাভূমি এলাকায়

১২৯. ইকোট্যুরিজম কী উপকার করে?
ক) অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে
খ) পরিবেশ সংরক্ষণ ও স্থানীয় মানুষের মঙ্গলকে সুরক্ষা করে
গ) গণপর্যটনকে উৎসাহিত করে
ঘ) বিদেশি বিনিয়োগ বাড়ায়

১৩০. ইকোট্যুরিজমের চ্যালেঞ্জগুলো কী কী?
ক) প্রাকৃতিক স্থানগুলির সংরক্ষণ করতে না পারা
খ) ইকোট্যুরিজমের পণ্যের মূল্য নিয়ন্ত্রণ করতে না পারা
গ) রাষ্ট্র কর্তৃক সমন্বিত উদ্যোগ গ্রহণ না করা
ঘ) উপরের কোনটিই নয়

১৩১. গণপর্যটন কী?
ক) গণমানুষের বেশি বেশি পর্যটনে যাওয়া
খ) গণমানুষকে পর্যটনে উৎসাহিত করা
গ) একই গন্তব্যে অধিক সংখ্যক পর্যটকের গমন
ঘ) গণমানুষকে পর্যটনের সাথে সম্পৃক্ত করা

১৩২. গণপর্যটনের অসুবিধাগুলো কী কী?
ক) গন্তব্যের পর্যটন সম্পদের ঘাটতি ও অব্যবস্থাপনা দেখা দিতে পারে
খ) স্থানীয় জনগোষ্ঠীর জীবনমানের উপর নেতিবাচক প্রভাব পড়ে
গ) স্বল্পকালীন কর্মসংস্থান সৃষ্টি হয় এবং এর ঠিক পরেই মানুষ কর্মহীন হয়ে পড়ে
ঘ) সব কটি

১৩৩. জাতীয় পর্যটন পরিকল্পনা কী উপকার করে?
ক) জাতীয়ভাবে পর্যটনের লক্ষ্য ও নীতিমালা প্রতিষ্ঠিত হয়
খ) পর্যটনের সকল সম্পদসমূহ চিহ্নিত হয়
গ) সরকারি ও বেসরকারি খাতে পর্যটনের উন্নয়নের যৌক্তিকতা সৃষ্টি হয়
ঘ) সব কটি

১৩৪. কমিউনিটিভিত্তিক পর্যটন কী?
ক) কমিউনিটিকে সঙ্গে নিয়ে পরিচালিত পর্যটন
খ) কমিউনিটির কর্মকান্ড ও জীবনযাত্রা দর্শনের উদ্দেশ্যে তাদের বসবাসের স্থানে গমন
গ) কমিউনিটির বিনিয়োগে পরিচালিত পর্যটন
ঘ) কমিউনিটির নিয়ন্ত্রণে পরিচালিত পর্যটন

১৩৫. বাংলাদেশে অগ্রাধিকারভিত্তিতে কোন ধরণের কমিউনিটি পর্যটন গড়ে তোলা উচিত?
ক) সাংস্কৃতিক ও জলাভূমি পর্যটন
খ) ব্যবসায় ও শিক্ষা পর্যটন
গ) হেল্‌থএন্ড ওয়েলনেস পর্যটন
ঘ) বিশ্রাম ও বিনোদন পর্যটন

১৩৬. জলাভূমির সংজ্ঞায় পানির গভীরতা সর্বোচ্চ কত?
ক) উচ্চ জোয়ারের সময় সর্বোচ্চ ৬ মিটার
খ) নিম্ন জোয়ারের সময় সর্বোচ্চ ৬ মিটার
গ) উচ্চ ভাটার সময় সর্বোচ্চ ৬ মিটার
ঘ) নিম্ন ভাটার সময় সর্বোচ্চ ৬ মিটার

১৩৭. বাংলাদেশের কোন ২টি জলাভূমি ‘রামসার সাইট’ হিসেবে স্থান পেয়েছে?
ক) হাকালুকি হাওড় ও হাইল হাওড়
খ) সুন্দরবন ও টাঙ্গুয়ার হাওড়
গ) তল্লার হাওড় ও নলয়া হাওড়
ঘ) চলন বিল ও সুরমা বাউলার হাওড়

১৩৮১. পর্যটন আইন কেন প্রয়োজনীয়?
ক) পর্যটন সম্পদের রক্ষণাবেক্ষণে আইনি বাধ্যবাধকতা প্রয়োজন
খ) মূল্যবোধ ও জাতীয় অহংকারগুলো তুলে ধরার ক্ষেত্রে আইনি প্রয়োগ দরকারি
গ) অর্থনৈতিক উন্নয়ন, অবদান ও নানাবিধ স্বীকৃতির জন্য আইন থাকা জরুরি
ঘ) সব কটি

১৩৯. আমাদের পর্যটনের সাথে সম্পৃক্ত আইন কোনটি?
ক) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ২০০5
খ) কাস্টমস্ আইন, ২০১4
গ) বাংলাদেশ পর্যটন সংরক্ষিত এলাকা ও বিশেষ পর্যটন অঞ্চল আইন, ২০১০
ঘ) সব কটি

১৪০. পরিচিতিমূলক ট্যুর কেন করা হয়?
ক) প্যাকেজ ট্যুর বাজারজাতকরণের জন্য
খ) গন্তব্যের ইমেজ সৃষ্টি করার লক্ষ্যে
গ) সরকারি পৃষ্ঠপোষকতা পাবার আশায়
ঘ) গন্তব্যের আকর্ষণ ও সুযোগ-সুবিধাগুলি ট্যুর অপারেটর ও পর্যটকদের কাছে তুলে ধরার জন্য

১৪১. বাংলাদেশ কাদেরকে আগমনী ভিসা দেয়?
ক) সার্কভূক্ত দেশের নাগরিকদেরকে
খ) অষ্ট্রেলিয়া মহাদেশীয় নাগরিকদেরকে
গ) বাছাইকৃত অর্ধশতাধিক দেশের নাগরিকদেরকে
ঘ) মুসলিম দেশের নাগরিকদেরকে

১৪২. বিদেশ ভ্রমণকালে একজন বাংলাদেশের নাগরিক কত বৈদেশিক মুদ্রা নিতে পারেন?
ক) যত খুশি তত
খ) আইন দ্বারা বৈদেশিক মুদ্রা বহনের নির্ধারিত সীমার মধ্যে
গ) সরকারের বিশেষ অনুমতি সাপেক্ষে নির্ধারিত সীমার মধ্যে
ঘ) নিজস্ব ব্যাংক হিসাবের মাধ্যমে চাহিদা মতো

১৪৩. পর্যটকরা কাদের নিকট থেকেভ্রমণ বিষয়ক তথ্যাবলি সংগ্রহ করেন?
ক) জাতীয় পর্যটন সংস্থা
খ) ট্যুর অপারেটর ও ট্রাভেল এজেন্ট
গ) নানাবিধ প্রতিষ্ঠানের ওয়েবসাইট
ঘ) সব কটি

১৪৪. পর্যটন নিরাপত্তা বলতে কী বুঝায়?
ক) কেবল পর্যটকদের জানমালের নিরাপত্তা
খ) পর্যটকদের খাদ্য ও স্বাস্থ্য নিরাপত্তা
গ) প্রতিশ্রুত সেবা নিরাপত্তা
ঘ) পর্যটক ও পর্যটন সম্পদের নিরাপত্তা

১৪৫. ৮-১২ শতকে কোন বৌদ্ধ স্থাপনা গড়ে উঠে ?
ক) ময়নামতির শালবন বিহার
খ) পাহাড়পুরের সোমপুর মহাবিহার
গ) বগুড়ার মহাস্থানগড়
ঘ) বান্দরবানের স্বর্ণমন্দির

১৪৬. বাংলাদেশে প্রত্নতত্ত্ব বিষয়ক সরকারি প্রতিষ্ঠানের নাম কী ?
ক) প্রত্নতত্ত্ব অধিদপ্তর
খ) প্রত্নতত্ত্ব সোসাইটি
গ) সেন্টার ফর আর্কিওলজিক্যাল স্টাডিজ
ঘ) বাংলাদেশ আর্কিওলজিক্যাল ফাউন্ডেশন

১৪৭. ছোট সোনা মসজিদ কোন জেলায় অবস্থিত?
ক) রাজশাহী
খ) নওগাঁ
গ) চাঁপাইনবাবগঞ্জ
ঘ) জয়পুরহাট

১৪৮. ভাসু বিহার কী ধরণের প্রত্নস্থাপনা?
ক) প্রাচীন পর্যটন কেন্দ্র
খ) উপাসনা মন্দির
গ) বিদ্যার্জনের স্থান
ঘ) রাজসিক সভাস্থল

১৪৯. সীতাকোট বিহার কী বলে খ্যাত ?
ক) সীতার জন্মস্থল
খ) সীতার আবাসস্থল
গ) সীতার মৃত্যুস্থল
ঘ) সীতার বিবাহস্থল

১৫০. কান্তজিউ মন্দিরের বিশেষত্ব কী ?
ক) নবরত্ন মন্দির
খ) পোড়ামাটির স্থাপত্যকলা
গ) অনেক দামি মন্দির
ঘ) রামদেবের আশ্রম